

স্মারক নম্বর-১৩.৩০.৪৮০০.০০৫.৫৫.০০৪.২৪.১২০২

তারিখ: ১৩/০৮/২০২৫

দরপত্র বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জের অধীন ভৈরব, কিশোরগঞ্জ সদর ও পাকুন্দিয়া এলএসডির অভ্যন্তরে নতুন খাদ্য গুদাম নির্মাণ স্থানে বিদ্যমান জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম নিষ্পত্তির নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১	মন্ত্রণালয়/বিভাগ	:	খাদ্য মন্ত্রণালয়
২	এজেন্সী	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ
৩	দরপত্র আহবানকারী কর্মকর্তা	:	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ
৪	যে কাজের জন্য দরপত্র	:	কিশোরগঞ্জ জেলার ভৈরব, কিশোরগঞ্জ সদর ও পাকুন্দিয়া এলএসডির অভ্যন্তরে নতুন খাদ্য গুদাম নির্মাণ স্থানে বিদ্যমান জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম বিক্রয়।
৫	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	:	স্মারক নং-১৩.৩০.৪৮০০.০০৫.৫৫.০০৪.২৪.১২০২ তারিখঃ-১৩/০৮/২০২৫ খ্রিঃ
৬	দরপত্রের ধরণ	:	উন্মুক্ত দরপত্র (OTM)
৭	দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	২৫/০৮/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়।
৮	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	:	২৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা-দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।
৯	দরপত্র গ্রহণের স্থান	:	জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এ রক্ষিত দরপত্র বাস্তব।
১০	দরপত্র দলিল/শিডিউল প্রাপ্তির স্থান	:	নেজারত শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ।
১১	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	:	২৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকা।
১২	দরপত্র উন্মুক্তকরণের স্থান	:	জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
১৩	দরপত্র দাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা	:	দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN সনদ, আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও কোন তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ থাকতে হবে।
১৪	দরপত্র শিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	:	১০০০.০০ (এক হাজার) টাকা মাত্র। (প্রতি সেট)
১৫	দরপত্র জামানত	:	উদ্ধৃত দরের ১০% হারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।
১৬	দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন)	:	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর নেজারত শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। মোবাইল নম্বর-০১৭১২-৪৪২১১০
দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তিতে যে কোন পরিবর্তন, সংযোজন বা সংশোধন এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।			

দরপত্রের শর্তাবলী:-

- ১) দরপত্র সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর “জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ এর আওতাধীন (এলএসডির নাম উল্লেখপূর্বক) অভ্যন্তরে জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম নিষ্পত্তির দরপত্র” কথাটি লিখতে হবে।
- ২) প্রতিটি দরপত্র দলিল/শিডিউলের মূল্য ১০০০.০০ টাকা ই-চালানের মাধ্যমে চালান নং ১৪৮০২০১১৩০২২০/১৪২২৩২৮ প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা-দরপত্র দলিল ফি খাতে যে কোন সরকারি তফসিলি ব্যাংকে জমা পূর্বক নেজারত শাখায় চালানের কপি জমা দিয়ে দরপত্র দলিল/শিডিউল গ্রহণ করতে হবে। দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত দলিল/শিডিউল ক্রয় করা যাবে।
- ৩) কোন প্রকার কাটা, ঘষামাজা ও ফ্লুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।
- ৪) উদ্ধৃত দরের ১০% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জের অনুকূলে জামানত হিসাবে দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
- ৫) দরপত্রের সাথে দরপত্র দলিল ক্রয়ের চালানের কপি, দরদাতার সদ্য তোলা এক কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে।

- ৬) দরপত্রের সাথে TIN সনদ ও আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বিলি আদেশ গ্রহণের সময় মূল প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে।
- ৭) দরপত্রের সাথে কোন তফসিলভুক্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ দাখিল করতে হবে।
- ৮) আগ্রহী ক্রেতাগণ অফিস চলাকালীন সময়ে যেখানে যে অবস্থায় আছে জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদামের নমুনা দেখতে পারবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৯) সরকারী বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাট প্রদান করতে হবে।
- ১০) দরপত্রে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর থাকতে হবে।
- ১১) কার্যাদেশ প্রদানের পর সর্বোচ্চ যোগ্য দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্রে উদ্ধৃত সমুদয় মূল্য, আয়কর ও ভ্যাট সরকারী কোষাগারে জমা দিয়ে বিলি আদেশ গ্রহণ করতে হবে।
- ১২) বিলি আদেশ প্রদানের ০৭ দিনের মধ্যে ক্রেতা নিজ খরচে ও নিজ দায়িত্বে সরকারী অন্য কোন স্থাপনা, মাটি, বা গাছের ক্ষতি সাধন ব্যতিরেকে ক্রয়কৃত জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম ভেঙ্গে যানবাহনে বোঝাই করে নিবেন। জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম অপসারণের পর ক্রেতার নিজ ব্যবস্থাপনায় মাটি সমান করে দিতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৩) দরপত্রে উদ্ধৃত মূল্য, ভ্যাট ও আয়কর জমা দিয়ে সম্পূর্ণ জরাজীর্ণ/পুরাতন খাদ্য গুদাম এলএসডি হতে অপসারণের পর দরপত্র জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিমুক্ত করা হবে।
- ১৪) দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রে যে কোন সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৬/০৮/২০২৫
(আলমগীর কবির)

জেলা খাদ্য নিয়ন্ত্রক
কিশোরগঞ্জ।

ফোন : ০২৯৯৭৭৬১৫১৫

mail : dcf.ksj@dgfood.gov.bd

ও

সদস্য-সচিব

জেলা একেজো স্থাপনা নিষ্পত্তি কমিটি।


তারিখ: ১৩/০৮/২০২৫

স্মারক নম্বর-১৩.৩০.৪৮০০.০০৫.৫৫.০০৪.২৪.১২০২

সদয় অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল) খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৪) পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর/পাকুন্দিয়া ভৈরব, কিশোরগঞ্জ।
- ৭) জেলা পর্যায়ের সকল অফিস.....
- ৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)..... কিশোরগঞ্জ।
- ৯) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, কিশোরগঞ্জ সদর এলএসডি।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভৈরব/পাকুন্দিয়া এলএসডি, কিশোরগঞ্জ।
- ১১) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কিশোরগঞ্জ।
- ১২) নোটিশ বোর্ড।
- ১৩) অফিস নথি।


০৬/০৮/২০২৫
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কিশোরগঞ্জ।


১৩/০৮/২৫